

১১শ পরিবারে রেড ক্রিসেন্টের ফুড প্যাকেজ ও হাইজিন কিট বিতরণ করলেন রাসিক মেয়র

রাজশাহী, ১৩ অগ্রহায়ণ (২৮ নভেম্বর):

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির রাজশাহী সিটি ইউনিট কোভিড-১৯ ক্ষতিগ্রস্থ অসহায়-দুস্থ ১১শ পরিবারে খাদ্য সামগ্রী (ফুড প্যাকেজ) ও হাইজিন কিট বিতরণ করেছে। আজ সকাল সাড়ে ১১টায় শহীদ এএইচএম কামারুজ্জামান বিভাগীয় স্টেডিয়ামে রেড ক্রিসেন্টের ব্যবস্থাপনা পর্যদ সদস্য ও রাজশাহী সিটি ইউনিটের চেয়ারম্যান এএইচএম খায়রুজ্জামান লিটন তাদের মাঝে খাদ্য সামগ্রী ও হাইজিন কিট বিতরণ করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি রাসিক মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন কয়েকজনের হাতে প্যাকেট তুলে দিয়ে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করেন। এইচএসবিসি ব্যাংক ও প্রাণ-আরএফএল গ্রুপের সহযোগিতায় এসব সামগ্রী বিতরণ করা হয়।

এর আগে শহীদ এএইচএম কামারুজ্জামান বিভাগীয় স্টেডিয়ামে মাঠজুড়ে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে এক হাজার ১০০টি চেয়ার সারি করে বসানো হয়। স্টেডিয়ামে বসানো প্রতিটি চেয়ারের পাশে রাখা হয় প্যাকেট। প্রতিটি প্যাকেটে ছিল ৭.৫ কেজি চাল, ১ কেজি ডাল, ১ লিটার তেল, ১ কেজি চিনি, ১ কেজি লবণ, ৫০০ গ্রাম সুজি, ১৫০ গ্রাম ২টি লব্ধি সোপ, ১০০ গ্রাম ২টি বাথ সোপ, ২টি সার্জিক্যাল মাস্ক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী সিটি ইউনিটের কার্যনির্বাহী কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা নওশের আলী, প্রফেসর ড. ফরিদা সুলতানা, ডা. এফএমএ জাহিদ, ফিরোজা বেগম, মাননীয় মেয়রের একান্ত সচিব মো. আলমগীর কবির, প্রাণ-আরএফএল গ্রুপের বরেন্দ্র ইন্ডাস্ট্রিয়াল পার্কের উপ-মহাব্যবস্থাপক সৈয়দ মো. সারোয়ার হোসেন।

অনুষ্ঠান পরিচালনা করেন রেড ক্রিসেন্টের রাজশাহী জেলা ও সিটি ইউনিট অফিসার মো. বাকী বিল্লাহ। আগামীতেও এ ধরনের সহায়তা কার্যক্রম অব্যাহত রাখা হবে বলে জানা যায়।

.....

ফারুক/সিকান্দার/হালিম/২০২০/২০:৩০ ঘ.